

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষনাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
ক্রমিক নং-০২। লে-আউট।
ক্রমিক নং-০৩। আলোচ্য কাজের নক্সা।
ক্রমিক নং-০৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয় : Repair, Maintenance & Painting work of secondary wall at SWTP compound (East side).

১.০। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ হতে প্রতিদিন প্রায় ২২.৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শনে প্রায়ই বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিগণ আসেন। এছাড়াও আমাদের দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, গবেষক, শিক্ষাবিদ এবং শিক্ষকগণ শিক্ষা সফরে অত্র স্থাপনাটি পরিদর্শনে আসেন। তাই উল্লেখিত স্থাপনাটি পরিষ্কার পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন রাখা গুরুত্বপূর্ণ। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পূর্ব দিকের secondary wall দীর্ঘ দিন মেরামত না করায় এর কিছু অংশে প্লাস্টার খসে পড়াসহ রং নষ্ট হয়ে সৌন্দর্য হ্রাস পাচ্ছে। তাই সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পূর্ব দিকের secondary wall এর সৌন্দর্য এবং স্থায়ীত্বের স্বার্থে কাজটি করা জরুরী প্রয়োজন। কাজটি সম্পন্ন হলে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পূর্ব দিকের secondary wall এর সৌন্দর্য এবং স্থায়ীত্ব বৃদ্ধি পাবে।

১.১। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পিডরিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল এবং বাজার দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৯,৯৮,০৭৮.৫৩৬ (নয় লক্ষ আটানব্বই হাজার আটাত্তর দশমিক পাঁচ তিন ছয় টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষনাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের Boundary Wall Maintenance (কোড ০১-০৪-০০৫) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

১.২। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সীমিত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৪৪ এবং প্যাকেজ নং- W-94 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষনাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Repair, Maintenance & Painting work of secondary wall at SWTP compound (East side) শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৮,০৭৮.৫৩৬ (নয় লক্ষ আটানব্বই হাজার আটাত্তর দশমিক পাঁচ তিন ছয় টাকা মাত্র) টাকার অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের Boundary Wall Maintenance (কোড ০১-০৪-০০৫) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের আওতাধীন।



নুরুল কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
শায়েরাবাদ পানি শোধনাগার (রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



২৬/০৮/২৫
মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঁঃ পাঁঃ শোঃ (রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



২৫-০৮-২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
শায়েরাবাদ পানি শোধনাগার (রক্ষাবেক্ষণ),
ঢাকা ওয়াসা।


২৬/০৮/২০২৫
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


২৬/০৮/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম বসি
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।


DMD/OSM


CE


২৬/৮/২০২৫
(প্রকৌঃ এ.কে.এম. সাকিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।